সংবাদ

তারিখ ০1.0CT.2017
পৃষ্ঠা ৫ কলাম ১

# ভাসানী বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষে ভর্তির আবেদন শুরু

জেলা বার্তা পরিবেশক, টাঙ্গাইল

টাঙ্গাইলের সন্তোষে অবস্থিত মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ প্রথম সেমিস্টারের বিএসসি (ইঞ্জিনিয়ারিং), বিবিএ, বিফার্ম ও বিএসসি (অনার্স) কোর্সে ভর্তির আবেদন শনিবার থেকে শুরু হয়েছে। আগামি ৮ নভেম্বর (বুধবার) পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। তবে আবেদন ফি জমা দিতে হবে ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং 'রকেট' এর মাধ্যমে। জানা যায়, এ বছর চারটি ইউনিটের অর্ন্তভুক্ত ১৫টি বিভাগে ৮১৫টি আসনের জন্য এমসিকিউ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামি ৮ ডিসেম্বর (শুক্রবার) 'এ' ও 'বি' এবং ৯ ডিসেম্বর (শনিবার) 'সি' ও 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, 'এ' ইউনিটে তিনটি বিভাগে আসন রয়েছে ১৭০টি, 'বি' ইউনিটের ছয়টি বিভাগে ২৯৫টি, 'সি' ইউনিটের চারটি বিভাগে ২৩০টি এবং 'ডি' ইউনিটের দুটি বিভাগে ১২০টি আসন রয়েছে।ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইট www.mbstu-admission.org থেকে জানা যাবে।